

“মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
প্রতিষ্ঠান অধিশাখা
www.dss.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.৬১১.১৮. ৪২

তারিখ: ২৫ মার্চ ২০২০

বিষয় : সমাজসেবা অধিদফতরধীন বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি ও বর্তমান পরিস্থিতিতে করণীয় প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র অধিদফতরের অধীন দেশের বিভিন্ন জায়গায় পরিচালিত আবাসিক প্রতিষ্ঠানে অসহায়/এতিম/প্রতিবন্ধী/বৃদ্ধ, বিভিন্ন বিজ্ঞ আদালতে বিচারাধীন মামলায় সংশ্লিষ্ট শিশুরা বসবাস করে। থাকা খাওয়াসহ তাদের সব ধরনের কল্যাণ নিশ্চিত করার দায়িত্ব অত্র অধিদফতরের। বর্তমানে সারা বিশ্বব্যাপী করোনা ভাইরাস বিস্তারের কারণে স্বাস্থ্য ঝুঁকি বৃদ্ধি পাওয়ায় এই সব আবাসিক প্রতিষ্ঠানে বসবাসরত অসহায়/এতিম/প্রতিবন্ধী/বৃদ্ধদের প্রতি আরও মনোযোগী হওয়া প্রয়োজন।

১. এইসব প্রতিষ্ঠানের নিবাসিদের অধিকাংশ নিজস্ব ব্যবস্থাপনায় বাহিরে থাকার মত ব্যবস্থা/সামর্থ্য নেই এবং অনেককে আইনগত কারণে বাধ্যতামূলকভাবে এখানে থাকতে হবে। তাদেরকে এই সকল প্রতিষ্ঠানে অবস্থান করতে হবে। তাই তাদের দেখাশুনার দায়িত্বে থাকা কর্মচারীদের অবশ্যই সার্বক্ষণিকভাবে কর্মস্থলে উপস্থিত থাকা আবশ্যিক।
২. নিতান্ত জরুরী প্রয়োজন ব্যতীত কর্মস্থল ত্যাগ করা যাবে না। কর্মস্থল ত্যাগ করতে হলে নিয়মানুযায়ী নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।
৩. প্রতিষ্ঠানে সম্ভব হলে একটি কক্ষ আলাদা করে প্রস্তুত রাখতে হবে যাতে প্রয়োজনে কোন শিশুকে আলাদা করে রাখা যায়। কোন শিশুকে প্রতিষ্ঠানের বাহিরে যাওয়ার অনুমতি দেয়া যাবে না। একইভাবে বাহিরের কোন লোককে নিতান্ত প্রয়োজন ব্যতীত ভিতরে প্রবেশের অনুমতি দেয়া যাবে না।
৪. সারাদিন শিশুদের আটকে রাখলে তাদের মন ও দেহের উপর বিরূপ প্রভাব পড়তে পারে। তাই লেখা/পড়া, ধর্মীয় পুস্তক/পবিত্র কোরআন শরীফ পাঠ, অভ্যন্তরীণ খেলাধুলার ব্যবস্থা রাখা যেতে পারে।
৫. ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত মালামাল গ্রহণের সময় সতর্কতা অবলম্বন করতে হবে।
৬. কোন নিবাসি অসুস্থ হলে তাৎক্ষণিকভাবে হাসপাতাল কর্তৃপক্ষ ও স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করতে হবে। প্রতিটি প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক প্রতিষ্ঠানের সার্বিক অবস্থা সম্পর্কে প্রতিদিন উপপরিচালক প্রতিষ্ঠান এর insdss@yahoo.com ইমেইল ও ০১৭১৬২৭৫৪৬৬ / ০১৭১৫৯১২৯১৬/০১৭১১১৯৪৬০৪/ ০১৮২৭৫৫২৩৬০ ফোনে প্রতিবেদন দিবেন।
৭. করোনা ভাইরাস প্রতিরোধে নিবাসিদের স্বাস্থ্য বিভাগ কর্তৃক জারীকৃত বিধান প্রতিপালন করতে হবে।
৮. যে সমস্ত প্রতিষ্ঠানে নতুন নিবাসি আনা হবে তাদেরকে বাধ্যতামূলক ভাবে ১৪ (চৌদ্দ) দিন আলাদা করে রাখতে হবে।
৯. এই জন্য ভবঘুরে, সেফ হোম ইত্যাদি প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে আলাদা কক্ষ প্রস্তুত রাখতে হবে।
১০. প্রদত্ত বাজেটের মধ্যে নিবাসিদের ভিটামিন সি ট্যাবলেট, কুসুম গরম পানিতে লেবুর রস দিয়ে সরবত খাওয়ানো যেতে পারে।
১১. জরুরী প্রয়োজনে তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক উপরোক্ত ফোনে যোগাযোগ করবেন।

অত্র অধিদফতরের পরিচালক (প্রতিষ্ঠান) / উপপরিচালক / সহকারি পরিচালক ও নিয়ন্ত্রণ কক্ষের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ নিয়মিতভাবে প্রতিষ্ঠানসূমহের সাথে যোগাযোগ রাখবেন এবং মহাপরিচালককে অবহিত করবেন।

অধ্যক্ষ /জেনারেল ম্যানেজার/উপপরিচালক/
তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক/ম্যানেজার/ প্রধান শিক্ষক/রিসোর্স শিক্ষক

শ্রেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন:০২-৫৫০০৭০২৪

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৬.৬১১.১৮.

৪২

তারিখ: ২৫ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
- ৩) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৪) একান্ত সচিব, মুখ্য সচিব এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
- ৬) পরিচালক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/ঢাকা/রংপুর।
- ৭) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।

Seh ২৫/৩/২০২০

সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক

[Handwritten signature]
 সৈয়দ মোঃ নূরুল বাসির
 পরিচালক